

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় নির্ধাতনের পর ছাত্রাবাসে ২৫ দিন ধরে অবরুদ্ধ ছাত্রলীগ কর্মী কোয়েল!

পটুয়াখালী প্রতিনিধি : অমানুষিক নির্ধাতনের পর এক ছাত্রলীগ কর্মীকে পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ২৫ দিন ধরে অবরুদ্ধ করে রাখা হয়েছে। এক রকম পশু হয়ে যাওয়া ঐ ছাত্রলীগ কর্মী এখনো জ্যাকে ভর করে ছাত্রাবাসে চলাফেরা করছে এবং তাকে বাইরে যেতে দেওয়া হচ্ছে না বলে অভিযোগ পাওয়া গেছে।

জানা যায়, গত ২৪ মার্চ রাতে ছাত্র নামধারী একদল সন্ত্রাসী অমানুষিক নির্ধাতন করে বিশ্ববিদ্যালয়ের ৪র্থ পর্বের জয় কোয়েলের বাম পা ভেঙে দেয়। পর দিন বরিশাল শেরে বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে তাকে চিকিৎসা দেওয়া হয় ক্যাডার প্রহরায়। সেখানে আত্মীয়স্বজনের সঙ্গেও তাকে দেখা করতে দেওয়া হয়নি। বিশ্ববিদ্যালয়ের ছাত্র, শিক্ষক ও কর্মচারীদের সূত্রে জানা যায়, ২ দিন পর ব্যাভেজ পরা অবস্থায় তাকে ক্যাম্পাসে নিয়ে এসে জিয়া হলে অবরুদ্ধ করে রাখা হয়। গত ২ এপ্রিল তাকে জ্যাকে ভর করে পরীক্ষার হলে যেতে দেওয়া হয় ক্যাডার প্রহরায়। এখনো সে জ্যাকে ভর করেই হলে চলা ফেরা করে। তবে বাইরে যেতে দেওয়া হয় না। গত জাতীয় সংসদ নির্বাচনের পর একাধিক নির্ধাতনের ঘটনায় ক্যাম্পাস ছাত্রলীগ শূন্য হয়ে পড়ায় কেউ এ ব্যাপারে প্রতিবাদও করছে না।

এ ব্যাপারে জিয়া হলের প্রভোস্ট ড. আকাস আলী জানান, রাজনৈতিক পটপরিবর্তনের পর নির্ধাতনের কিছু ঘটনা ঘটলেও কেউ কেউ সেগুলোকে অতিরঞ্জিত করে বলছেন। তবে হলের হাউস টিউটর জহিরুল হক কয়েক দিন আগে হলে বসে ২ জন অসুস্থ ছাত্রের পরীক্ষা নিয়েছেন বলে তিনি স্বীকার করেন। এ ব্যাপারে আলাপ করার জন্য জহিরুল হককে খুঁজে পাওয়া যায়নি।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষক (দুমকী কৃষি কলেজ নাম থাকাকালে অধ্যক্ষ) ড. হারুন এ ব্যাপারে উপচার্যের সঙ্গে যোগাযোগ করার পরামর্শ দিলেও টেলিফোন করে তাকে পাওয়া যায়নি।

এদিকে দুমকী থানা পুলিশ জানায়, পত্রিকায় কোয়েলের নির্ধাতনের সংবাদ দেখে ক্যাম্পাসে গেলে কোয়েল লিখিতভাবে ঐ সংবাদের প্রতিবাদ করে তাদেরকে বলেছে, সে মোটর সাইকেল দুর্ঘটনায় আহত হয়েছে। তাকে কেউ মারধর করেনি বা আটকও করেনি। সে নিয়মিত ক্যাম্পাসের বাইরে যেতে পারে।

অপচ ঐ লিখিত বিবৃতিদানের পরও কোয়েলকে ক্যাম্পাসের বাইরে দেখা যায়নি।

ধারণা করা হচ্ছে, ক্যাডারদের চাপের মুখেই তিনি ঐ বিবৃতি দিয়েছেন। তাছাড়া ইতিপূর্বে তিনি সাংবাদিকদের কাছে এই বলে চিঠি দিয়েছেন, 'আমাকে বাচান। জেআমাকে আটকে রেখেছে।

